# বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট

বাকৃবি চত্বর, ময়মনসিংহ-২২০২

স্মারক নং- বিনা/ইনোভেশন/কার্যবিবরনী-৭ তারিখঃ ০২-০৫-২০১৬ খ্রিঃ

**বিষয়ঃ মাসিক ইনোভেশন সভার কার্যবিবরনী প্রেরণ প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, গত ২৬-০৮-২০১৬ খ্রিঃ তারিখে ইনোভেশন কমিটির এক সভা ড. মোঃ মনোয়ার করিম খান, পরিচালক (প্রশিক্ষণ ও পরিকল্পনা) এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার গৃহীত সিদ্ধান্তসমূহ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

০২.০৫.১৬

(ড. এম. মনজুরুল আলম মন্ডল)
পিএসও এবং
সদস্য সচিব, ইনোভেশন টিম

বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে এবং কার্যার্থে)

১। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিনা, ময়মনসিংহ।
২। পরিচালক (প্রশা. ও সা. সা.) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিনা, ময়মনসিংহ।
৩। পরিচালক (গবেষণা) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিনা, ময়মনসিংহ।
৪। পরিচালক (প্রশিক্ষণ ও পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিনা, ময়মনসিংহ।
৫। ইনোভেশন কমিটির সম্মানিত সদস্যবৃন্দ।
৬। সকল বিভাগীয় প্রধান।
৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, পরিকল্পনা ও উন্নয়ন কোষ।
৮। ইনচার্জ, ICT সেল (বিনা ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
৯। সংশ্লিষ্ট নথি।

# বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট

বাকৃবি চত্বর, ময়মনসিংহ-২২০২

**বিষয়ঃ মাসিক ইনোভেশন সভার কার্য বিবরণী**

তারিখঃ ২৬-০৪-২০১৬ খ্রিঃ
স্থানঃ পরিচালক (প্রশিক্ষণ ও পরিকল্পনা) এর দপ্তর
সময়ঃ সকাল ১০.০০ ঘটিকা
সভাপতিঃ ড. মোঃ মনোয়ার করিম খান, পরিচালক (প্রশিক্ষণ ও পরিকল্পনা)
উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট "ক" এ সংযুক্ত ।

ইনোভেশন টিমের সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন । প্রতিষ্ঠানের ইনোভেশন কার্যক্রম সংক্রান্ত আলোচনায় পূর্ববর্তী সভার (২৮.০৩.২০১৬ খ্রিঃ) সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয় । প্রতিষ্ঠানের ইনোভেশন কার্যক্রম সংক্রান্ত আলোচনায় নিম্নলিখিত সুপারিশ/সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ।

| ক্রমিক নং | পূর্ববর্তী সভার সিদ্ধান্তের আলোকে আলোচনা | বাস্তবায়ন অগ্রগতি | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | বর্তমানে বিনা'র ICT সেলের কোন জনবল না থাকায় উক্ত ICT সেলের জনবল বৃদ্ধিসহ দ্রুত নিয়োগ দেয়া প্রয়োজন । | গত ২১.০৩.২০১৬ খ্রিঃ তারিখে মাসিক সমন্বয় সভায় এ ব্যাপারে প্রস্তাব পেশ করা হলে ICT সেলের জন্য বর্তমান অনুমোদিত ০৩ টি পদ যথেষ্ট নয় বিধায় মহাপরিচালক মহোদয় অন্যান্য বিভাগের ন্যায় ICT সেলকে বিভাগে রুপান্তরের জন্য বিনা'র অর্গানোগ্রামে জনবল সৃজন করে দ্রুততম সময়ে মন্ত্রণালয়ে প্রস্তাবনা পাঠানোর জন্য ইনচার্জ, পরিকল্পনা ও উন্নয়ন কোষ-কে নির্দেশ দেন । | ICT সেলের জনবল নিয়োগ এবং অন্যান্য বিভাগের ন্যায় ICT সেলকে বিভাগে রুপান্তরের জন্য বিনা'র অর্গানোগ্রামে জনবল সৃজন করে দ্রুততম সময়ে মন্ত্রণালয়ে প্রস্তাবনা পাঠানোর নিমিত্তে আগামী ২০ মে/২০১৬ তারিখের মধ্যে মহাপরিচালকের সভাপতিত্বে একটি সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয় । | পরিচালক (প্রশিক্ষণ ও পরিকল্পনা) এবং ইনচার্জ, পরিকল্পনা ও উন্নয়ন কোষ |
| ২ | মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসারে ৫০ কোটি টাকার নিম্নে সকল ক্রয় ই-টেন্ডারিং সিস্টেমে সম্পাদনের জন্য প্রয়োজনী ব্যবস্থা গ্রহণ করা । | ই-টেন্ডারিং সিস্টেমে ক্রয় কার্যক্রম সম্পাদনের জন্য বিনা'র সংশ্লিষ্ট দু'জন কর্মকর্তার নাম সহ (ড. শরিফুল হক ভূঞা এবং প্রকৌশলী মোঃ আব্দুল হালিম সরদার) গত ২৯-০২-২০১৬ খ্রিঃ তারিখে সিপিটিইউ-তে পত্র লিখা হয়েছে । বিনা'র জন্য org.admin create হতে আনুমানিক দেড় থেকে দু'মাস সময় লাগতে বলে IMED (CPTU) শাখা জানিয়েছে । | ই-টেন্ডারিং সিস্টেম দ্রুত চালু করার ব্যাপারে ড. শরিফুল হক ভূঞা, পি.এস.ও সিপিটিইউ-এর সহিত সার্বক্ষণিক যোগাযোগ রাখবেন । | প্রধান, ইলেক্ট্রনিক্স শাখা |

| ক্রমিক নং | পূর্ববর্তী সভার সিদ্ধান্তের আলোকে আলোচনা | বাস্তবায়ন অগ্রগতি | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩ | বিনা'র প্রধান করিডোরে হেল্প ডেস্ক (Help desk) স্থাপনের বিষয়ে আলোচনা হয়। | ইনোভেশন টিমের সদস্য-সচিব, ড. এম. মনজুরুল আলম মন্ডল BARI, BRRI, BJRI, DAE এবং NATA এর হেল্প ডেস্কের (Help desk) মডেল সরেজমিনে দেখে এসেছেন এবং সভায় ছবি সহ তা উপস্থাপন করেছেন। | বিনা'র প্রধান করিডোরে অবস্থিত টেলিফোন অপারেটর এর কক্ষটি অনুসন্ধান ও হেল্প ডেস্ক (Help desk) হিসাবে ব্যবহারের সিদ্ধান্ত গৃহীত হয়। তবে বিষয়টি বিনা'র মাসিক সমন্বয় সভায় আলোচনার মাধ্যমে চূড়ান্ত সিদ্ধান্ত নেয়া হবে। | পরিচালক (প্রশিক্ষণ ও পরিকল্পনা) এবং ইনচার্জ, পরিকল্পনা ও উন্নয়ন কোষ |
| ৪ | শ্রমিক ও আনসারদের বেতন বিল অন-লাইনে পরিশোধের ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে জন্য আলোচনা হয়। | সংশ্লিষ্ট IT সর্ম্পকিত ফার্মে প্রাক্কালন চেয়ে পত্র লিখা হয়েছে এবং দু'টি IT ফার্ম থেকে প্রাক্কালন সহ প্রস্তাব পাওয়া গিয়েছে। | প্রাক্কালন বিশ্লেষণ শেষে সংশ্লিষ্ট IT ফার্মের সহিত বিস্তারিত আলোচনার জন্য যোগাযোগ করার সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া, সর্বনিম্ন প্রাক্কালন অনুযায়ী অর্থ অনুমোদন পাওয়া গেলে দ্রুত অন-লাইনে শ্রমিক ও আনসারদের বেতন বিল পরিশোধের ব্যবস্থা নেয়া হবে। | সদস্য-সচিব, ইনোভেশন টিম |
| ৫ | কৃষি প্রযুক্তি ভান্ডারে বিনা উদ্ভাবিত প্রযুক্তি সংযুক্ত করা। | বিনা উদ্ভাবিত প্রযুক্তি সমূহ কৃষি প্রযুক্তি ভান্ডারের উপযোগী করে (ইউনিকোড-এ নিকোস ফন্টে) প্রস্তুত শেষ হয়েছে। | বিনা উদ্ভাবিত প্রযুক্তি সমূহ 'কৃষি প্রযুক্তি ভান্ডারে' দ্রুত আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সদস্য-সচিব, ইনোভেশন টিম |

সভায় আর কোন আলোচনা না থাকায় টিমের সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৬.০৪.১৬

(ড. এম. মনজুরুল আলম মন্ডল)
পিএসও এবং
সদস্য সচিব, ইনোভেশন টিম

(ড. মোঃ মনোয়ার করিম খান)
পরিচালক (প্রশিক্ষণ ও পরিকল্পনা) এবং
সভাপতি, ইনোভেশন টিম